বর্ডার গার্ড বাংলাদেশ এর মাসিক প্রকাশনা

# বিজিবি বুলেটিন

• দ্বিতীয় বর্ষ • ৫ম সংখ্যা • বৈশাখ-জ্যৈষ্ঠ ১৪২৮ • মে ২০২১




১৪ মে ২০২১ তারিখে দুর্গম বিওপি'র বিজিবি সদস্যগণের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময় এর অংশ হিসেবে রাজনগর ব্যাটালিয়নের (৩৭ বিজিবি) বদিপাড়া বিওপি পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

## সূচিপত্র

বিজিবি মহাপরিচালকের পরিদর্শন
৯৬তম রিক্রুট ব্যাচের মৌলিক প্রশিক্ষণ
সুবেদার মেজর (অবসর)
কল্যাণমূলক কর্মকান্ড
করোনা ভাইরাস
মৃত্যু প্রতিবেদন
সিজার প্রতিবেদন
দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ
শাহ্জালাল জাহাজ এর উপযুক্ততা পরিদর্শন
মেডিক্যাল ক্যাম্পেইন
অপারেশন ও প্রশিক্ষণ কার্যক্রম

bgbbuletin@gmail.com
www.bgb.gov.bd



১৪ মে ২০২১ তারিখে ঈদ উল ফিতরের দিন কাপ্তাই ব্যাটালিয়ন (৪১ বিজিবি) এর দুমদুমিয়া সিআইও ক্যাম্প পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।



২০ মে ২০২১ তারিখে বিজিটিসিএন্ডসি পরিদর্শনকালীন প্রশিক্ষকদের সাথে মতবিনিময় করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।



২০ মে ২০২১ তারিখে বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ পরিদর্শনকালীন ATGW (LPMS) CORSAR অস্ত্র পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।



২০ মে ২০২১ তারিখে বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজের ব্যবস্থাপনায় পরিচালিত ৯৬তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণের রিক্রুটদের ফায়ারিং অনুশীলন পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।



বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজের ব্যবস্থাপনায় পরিচালিত ৯৬তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণে মেডিকেল অফিসার কর্তৃক "হিট স্ট্রোক ও হিট এক্সার্সন" ক্লাস পরিচালনার স্থিরচিত্র।

## সুবেদার মেজর (অবসর)



জেসিও-৭৪২৮ সুবেদার মেজর মেডি. সহ. মোঃ সোহরাব আলী, পিবিজিএমএস
বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকা
অবসরের তারিখ : ২৪-৫-২১



জেসিও-৬৯৭৯ সুবেদার মেজর মোঃ ফিরোজ হাওলাদার
রিজিয়ন সদর দপ্তর, চট্টগ্রাম
অবসরের তারিখ : ৩০-৫-২১

## কল্যাণমূলক কর্মকাণ্ড

| ক্রমিক | কাজের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। | সীমান্ত তহবিল হতে বিজিবি সদস্য এবং তাদের পরিবারবর্গের কল্যাণার্থে ও উন্নয়নমূলক কাজে ব্যয় | ৫,৭১,৭০,২৫৬/- |
| ২। | বিজিবি স্বাস্থ্য সহায়তা তহবিল হতে ১৩ জন বিজিবি সদস্যকে চিকিৎসার জন্য অনুদান প্রদান | ১৫,১৩,৬৩৮/- |

## করোনা ভাইরাস

মে ২০২১ মাস পর্যন্ত ৫৪৩ জন বিজিবি সদস্য কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছে। এর মধ্যে সুস্থ হয়েছে ৫১৯ জন এবং মৃত্যুবরণ করেছে ০৯ জন। সুস্থতার হার প্রায় ৯৫.৫৮%।

## মৃত্যু প্রতিবেদন

| ক্রমিক | নং, পদবি ও নাম | ইউনিট | মৃত্যুর তারিখ | মৃত্যুর কারণ |
|---|---|---|---|---|
| ১। | নম্বর ৫৯০৭৩ হাবি. মোঃ বেলায়েত হোসেন | খাগড়াছড়ি ব্যাটালিয়ন (৩২ বিজিবি) | ০২-৫-২১ | LEFT SIDED RENAL CELL CARCINOMA. |
| ২। | নম্বর ৭৮৯৩৫ ল্যা. না. মোঃ সাবদার আলী | পত্নীতলা ব্যাটালিয়ন (১৪ বিজিবি) | ০৮-৫-২১ | SEVERE HEAD INJURY DUE TO ROAD TRAFFIC ACCIDENT |
| ৩। | নম্বর ৮৮০৩৩ সিপাহী মোঃ সেলিম রেজা | সদর বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ঢাকা | ১৯-৫-২১ | ROAD TRAFFIC ACCIDENT |
| ৪। | জেসিও-৭৮২৪ সুবে. মোঃ কেরামত আলী | দিনাজপুর ব্যাটালিয়ন (৪২ বিজিবি) | ২৫-৫-২১ | POST COVID COMPLICATION WITH CARDIOMYOPATHY WITH DM WITH ENCEPHALOPATHY. |
| ৫। | জেসিও-৮১৭১ না. সুবে. মোঃ কাজী জালাল উদ্দিন | সদর বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ঢাকা | ২৮-৫-২১ | বুকে ব্যথা জনিত কারণে |

## সিজার প্রতিবেদন

মে ২০২১ মাসে ৮৪,১৪,৫৮,৬৫৮/- টাকা মূল্যের মাদকদ্রব্য এবং চোরাচালানী পণ্য আটক করা হয়েছে। আটককৃত মাদকদ্রব্যের মধ্যে ৮,৮৬,৩৬৮ পিস ইয়াবা ট্যাবলেট, ১৬,১৪৫ বোতল ফেনসিডিল, ২৪.১৪২ কেজি হেরোইন, ১২,২১০ বোতল বিদেশি মদ, ১,৮৭৫ বোতল বিয়ার, ১১৫.৭৫০ লিটার দেশি মদ, ১,৫৯১.৪০৬ কেজি গাঁজা, ২,৫৬৫ টি নেশাজাতীয় ইনজেকশন রয়েছে। বিভিন্ন প্রকারের উদ্ধারকৃত অস্ত্র ও গোলাবারুদের মধ্যে রয়েছে ০৯টি পিস্তল, ০১টি রিভলবার, ০৫টি গান, ৩৫ রাউন্ড গোলাবারুদ এবং ০৮টি ম্যাগাজিন। এ ব্যাপারে ৪,৬১৩ টি মামলা দায়ের এবং ৪০৩ জন চোরাকারবারিকে আটক করা হয়েছে।

## দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

| ক্রমিক | নং, পদবি, নাম ও ইউনিট | অপরাধের বিবরণ, প্রদত্ত শাস্তি ও শাস্তি প্রদানের তারিখ |
|---|---|---|
| ১। | নম্বর-৮১৬৩১ সিপাহী<br>মোঃ সাইফুল ইসলাম<br>বিজিটিসিএন্ডসি | তালিকাভুক্তির পূর্বে বিবাহ, ভুয়া কাবিননামা অফিসে জমা এবং ১ম স্ত্রী ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার কারণে ৮৯ দিন সশ্রম কারাদণ্ড দিয়ে চাকুরিতে বহাল রাখা হয়। পরবর্তীতে ১ম স্ত্রীকে শারীরিক ও মানসিকভাবে নির্যাতনসহ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে তালাক প্রদান করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ : ০৪-৫-২১।** |
| ২। | নম্বর-৮২৩৩৫ সিপাহী<br>মোঃ মোবারক হোসেন<br>মহেশপুর ব্যাটা: (৫৮ বিজিবি) | র‍্যাবে কর্মরত থাকাকালীন সেনা সদস্য ল্যান্স কর্পোরাল মোঃ দুলাল মৃধা এর সাথে যোগসাজশের মাধ্যমে জনৈক হাবিব (স্বর্ণ চোরাকারবারি) এর নিকট হতে প্রাপ্ত ৫,০০,০০,০০০/- টাকার জাল পে-অর্ডারের বিনিময়ে গত ০৮ এপ্রিল ২০২১ তারিখে জনৈক তামজিদ হোসেন (স্বর্ণ ব্যবসায়ী) এবং তার সহযোগী রানু ও ইকবালকে অপহরণ করে মুক্তিপণ আদায়ের প্রচেষ্টায় প্রত্যক্ষভাবে সম্পৃক্ত হয়। এছাড়াও র‍্যাবে নিয়োজিত সেনা ও বিমান বাহিনীর সদস্যদের সাথে যোগসাজশে সংঘবদ্ধ চক্র গঠন পূর্বক বিভিন্ন সময়ে র‍্যাবের পরিচয়ে অবৈধভাবে তক্ষক এবং সীমান্ত ম্যাগনেট পিলার ব্যবসায়ের সাথে জড়িয়ে পড়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত এবং ১২ মাসের সশ্রম কারাদণ্ড, শাস্তি প্রদানের তারিখ : ০৪-৫-২১।** |
| ৩। | নম্বর-৯২২৭৩ সিপাহী<br>মোঃ মিলন মিয়া<br>লালমনিরহাট ব্যাটা: (১৫ বিজিবি) | অর্জিত ছুটিতে গমন করে ০৮ মাস ২৮ দিন অনুপস্থিত থেকে কর্মস্থলে যোগদান এবং ১ম স্ত্রী ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। এছাড়াও ছুটি হতে অনুপস্থিত থাকাকালীন তার তালাকপ্রাপ্ত ১ম স্ত্রী'র নিকট গমন করলে স্থানীয় লোকজন কর্তৃক ধৃত হয়ে পুলিশের নিকট হস্তান্তরিত হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ০৯-৫-২১।** |
| ৪। | নম্বর-৮১৫২৫ সিপাহী<br>মোঃ হোসাইন<br>চাঁপাইনবাবগঞ্জ ব্যাটা:<br>(৫৩ বিজিবি) | ভুয়া পুলিশের এসআই ও র‍্যাব সদস্য পরিচয় দিয়ে চাঁপাইনবাবগঞ্জ শহরস্থ এবং রাজশাহীর ১৯টি দোকান হতে প্রতারণার মাধ্যমে ১,৯৮,১৫৮/- টাকার পণ্য সামগ্রী আত্মসাৎ করে বিভিন্ন দোকানে পণ্য বিক্রয়, দোকানদারকে বাঁকি টাকা পরিশোধের জন্য তারিখ দিয়ে মোবাইল ফোন বন্ধ রাখা ও মূল্য পরিশোধ না করা। এছাড়াও অর্জিত ছুটিতে থাকা অবস্থায় অসামরিক ব্যক্তির দোকান হতে অটো গাড়ির ০২টি ব্যাটারি বাঁকিতে ক্রয় করে মূল্য পরিশোধ না করায় স্থানীয় লোকজন কর্তৃক ধৃত হয়ে পুলিশের নিকট হস্তান্তরিত হওয়ার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ১১-৫-২১।** |
| ৫। | নম্বর-৮২১৫৭ সিপাহী<br>মোহাম্মদ মাসুদুর রহমান (নয়ন)<br>রহনপুর ব্যাটা: (৫৯ বিজিবি) | নিজেকে ব্যাটালিয়নের সকল কাজের ইনচার্জ অফিসার পরিচয় দিয়ে ভোলাহাট বিওপি এবং ব্যাটালিয়ন সদরের নির্মাণ কাজের কথা বলে বিভিন্ন রড-সিমেন্টের দোকান হতে ১,০৭,০৫৫/- টাকার সিমেন্ট বাকিতে ক্রয় করে এবং মূল্য পরিশোধ করতে ব্যর্থ হয়। এছাড়াও সৈনিক ব্যারাক হতে একাধিক মোবাইল চুরি করে অসামরিক ব্যক্তির নিকট বিক্রয় করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ১৭-৫-২১।** |
| ৬। | নম্বর-৮২৪৩৬ সিপাহী<br>মোঃ শফিকুল ইসলাম<br>নীলফামারী ব্যাটা: (৫৬ বিজিবি) | অর্জিত ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে ০৯ মাস ২১ দিন ১৮ ঘন্টা অনুপস্থিত থেকে স্বেচ্ছায় কর্মস্থলে যোগদান করে এবং চাকুরির প্রতি অনীহা প্রকাশ ও তদন্ত আদালতের নিকট মিথ্যা বিবৃতি প্রদান করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ১৮-৫-২১।** |
| ৭। | বাবুর্চি-৫৩৯৬ বাবুর্চি<br>কুলসুম বেগম<br>বিজিটিসিএন্ডসি | বাবুর্চি (মহিলা) পদে ভর্তি হয়ে বিজিটিসিএন্ডসিতে যোগদান করে। ভর্তির সময় বিবাহিত হিসেবে জ্ঞাতির তালিকায় বিবাহের তারিখ, ছেলের জন্ম তারিখ, মূল কাবিননামায় নাম ও জন্ম তারিখ জালিয়াতির মাধ্যমে ভুয়া কাগজপত্র জমা করে বিজিবিতে তালিকাভুক্ত হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ১৮-৫-২১।** |
| ৮। | পরি-১০৫১২ পরিচ্ছন্নতাকর্মী<br>রাজিয়া খানম<br>বিজিটিসিএন্ডসি | পরিচ্ছন্নতাকর্মী (মহিলা) পদে ভর্তি হয়ে বিজিটিসিএন্ডসিতে যোগদান করে। ভর্তির সময় যৌথবীমার ফর্মে তার ছেলের বয়স, ৮ম শ্রেণী পাশের সনদপত্র, জন্ম সনদপত্রে জন্ম তারিখ ও কাবিননামায় বিবাহের তারিখ জালিয়াতি করে ভুয়া কাগজপত্র জমা করে এবং সকল নথিপত্রে মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে বিজিবিতে তালিকাভুক্ত হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ১৮-৫-২১।** |
| ৯। | নম্বর-১০২৬২০ সিপাহী<br>মোঃ শাজিদুল ইসলাম<br>দিনাজপুর ব্যাটা: (৪২ বিজিবি) | বিজিবিতে তালিকাভুক্ত হওয়ার পূর্বে নিজ জেলা গোপন করে ভুল ঠিকানায় রংপুর জেলা হতে ২০১২ সালে সেনাবাহিনীতে ভর্তি হয় এবং প্রশিক্ষণরত অবস্থায় বহিষ্কৃত হন। উক্ত ঘটনাকে গোপন করা ছাড়াও তালিকাভুক্তির পূর্বে বিবাহ এবং ১ম স্ত্রী ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ, ১ম স্ত্রী'র ছবি এডিটিং এর মাধ্যমে ১ম স্ত্রী'র মাথা পরিবর্তন করে ২য় স্ত্রী'র মাথা বসিয়ে ভুয়া ছবি উপস্থাপন এবং ২য় বিবাহের পর ১ম স্ত্রী'র কোন খোঁজ খবর ও ভরণ পোষণ না দিয়ে স্ত্রী হিসেবে অস্বীকার করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ২৩-৫-২১।** |




৩০ ও ৩১ মে ২০২১ তারিখে রিভারাইন বর্ডার গার্ড কোম্পানির **'শাহ্জালাল জাহাজ'** এর উপযুক্ততা পরিদর্শন করেন অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) ব্রিগেডিয়ার জেনারেল এ বি এম নওরোজ এহসান, বিএসপি, পিএসসি।



২৭ মে ২০২১ তারিখে বাঘাইহাট ব্যাটালিয়ন (৫৪ বিজিবি) এর দায়িত্বপূর্ণ কংলকপাড়া এলাকায় মেডিকেল অফিসারের তত্ত্বাবধানে পরিচালিত মেডিকেল ক্যাম্পেইন এর স্থিরচিত্র।





২০ মে ২০২১ তারিখে বরকল ব্যাটালিয়ন (৪৫ বিজিবি) এর অধিনায়ক কর্তৃক ভূয়াটেক বিওপি'র দায়িত্বপূর্ণ এলাকার মেইন পিলার ২৩৪৪/২-আর-বি/১ পরিদর্শনের স্থিরচিত্র।




০৯ মে ২০২১ তারিখ খুলনা ব্যাটালিয়ন (২১ বিজিবি) এর পুটখালী বিওপি'র দায়িত্বপূর্ণ এলাকায় চোরাচালান বিরোধী টহল পরিচালনা করে টহলদল ০১টি রিভলবার, ০১টি পিস্তল, ০১টি ম্যাগাজিন এবং ০৪ রাউন্ড গুলি উদ্ধার করে।




১২ মে ২০২১ তারিখে কুমিল্লা ব্যাটালিয়ন (১০ বিজিবি) এর মথুরাপুর বিওপি'র টহলদল মথুরাপুর এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে ৯৮ বোতল ভারতীয় ফেন্সিডিল এবং ০১টি সিএনজিসহ ০১ জন আসামি আটক করতে সক্ষম হয়।



০৪ মে ২০২১ তারিখে রাজনগর ব্যাটালিয়ন (৩৭ বিজিবি) এর ঘাসকাপাছড়া বিওপি এবং ১৩১ বিএসএফ ব্যাটালিয়নের কর্ণফুলী ক্যাম্পের মধ্যে পরিচালিত সমন্বিত টহলের স্থিরচিত্র।



০১-৩১ মে ২০২১ তারিখ পর্যন্ত খাগড়াছড়ি ব্যাটালিয়ন (৩২ বিজিবি) এর তত্ত্বাবধানে পরিচালিত সকল বিওপিতে বিভিন্ন অস্ত্র (ক্ষুদ্রাস্ত্র/ভারী অস্ত্র), সীমান্ত নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা এবং এসওপি'র উপর ক্যাপসুল প্রশিক্ষণ পরিদর্শন করেন বিজিবি সেক্টর কমান্ডার, খাগড়াছড়ি।